

💵 আদর্শ বিবাহ ও দাম্পত্য

বিভাগ/অধ্যায়ঃ বিবাহ ও দাম্পত্য বিষয়াবলী রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

ভূমিকা

বিশুদ্ধ শরয়ী জ্ঞান-স্বল্পতা, বিশুদ্ধ শরীয়তের উপর আমল করার প্রতি অবহেলা ও অবজ্ঞা, স্বার্থানেবিষতা এবং দেশীয় পরিবেশের বিশেষ কুপ্রভাবের ফলে মুসলিম সমাজে বিভিন্ন কুসংস্কার, কুপ্রথা, কুআচার ও অনাচারের প্রাদুর্ভাব ঘটেছে। পরকালের প্রতি ক্ষীণ ঈমান তথা অসৎ পরিবেশ ও পারিপাশির্বকতার কারণে অধিকাংশ মানুষের ইচ্ছা নেই নিজেকে কুসংস্কার-মুক্ত করার, মন নেই আত্মশুদ্ধির, চেষ্টা নেই দ্বীন শিক্ষার, ভ্রাক্ষেপ নেই ধর্মীয় বাণীর প্রতি, নেই সমাজকে কুপ্রথা ও অনাচারমুক্ত করার কোন সৎসাহস!

কাজ যেহেতু একা কারো নয়। প্রয়োজন যৌথ প্রচেষ্টার। ব্যাপারটাও কেবল মুখ ও কলমের নয়; বরং আমল ও কাজের। তাই আমূল সংস্কার ও পরিবর্তন সাধনের জন্য চাই আবাল-বৃদ্ধ-বনিতার সম্মিলিত ঐকান্তিক প্রচেষ্টা; যার শীর্ষে থাকবে আল্লাহ-ভীতি, পরকালের প্রতি পূর্ণ ঈমান, হিসাব-নিকাস ও জবাবদিহির ভয়, দোযখের শঙ্কা এবং বেহেশ্রের লোভ।

বিবাহ ও দাম্পত্য মুসলিমদের এক শুভ ও সুখদ সন্ধিক্ষণ, আবার অশুভ ও যন্ত্রণাপ্রদ সময়কালও। এই শুভাশুভ নির্বাচন করায় তারও হাত আছে। যেমন বিবাহ করা অর্ধ ঈমান। দাম্পত্য-জীবন তার অর্ধেক ধর্মীয় জীবন। তাছাড়া দাম্পত্যের সফরও বড় লম্বা। যার সঙ্গীও চিরসঙ্গী। তাই তো অর্ধ ঈমান যাতে অবলীলায় এসে অবহেলায় বরবাদ না হয়ে যায় এবং এই লম্বা সফর যেন কষ্টকর তথা তার সাথী যেন কুজন ও কুসাথী না হয়, তার জন্য সফর শুরু করার পূর্বে, জীবন-সমুদ্রে তার দাম্পত্যের তরণী অবতারণ করার আগে আগে তাকে একটু ভেবে নিতে হয়, কিছু জেনে ও পড়ে নিতে হয়। নচেৎ আনাড়ী মাল্লা মাঝ সমুদ্রে ফাঁপরে পড়তে বাধ্য।

বিবাহের পূর্বে অনেক যুবক-যুবতী বহু রতিশাস্ত্র অধ্যয়ন করে থাকেন; কিন্তু কোন ধর্মীয় রীতিশাস্ত্র অধ্যয়ন করার প্রয়োজন মনে করেন না। অথচ প্রেম ও প্রেমের ধরন তথা যৌনসুখ তো যে কোন প্রকারে লাভ হতেই পারে। পরস্তু লাভ যা হয় না, তা হল প্রেম ও যৌবনে নীতি-নৈতিকতা, সংযমশীলতা, দাম্পত্য ও সাংসারিক পরম শান্তি এবং সৃষ্টিকর্তার চরম সন্তুষ্টি।

আসুন ইসলামী পবিত্র সম্পর্ক, আদর্শ বিবাহ ও সুখী-দাম্পত্য গড়ার উদ্দেশ্যে আমরা অত্র পুস্তিকার অধ্যায়গুলি বারবার আলোচনা করি, আর দৃঢ়সংকল্প হই যে, আমরা আমাদের জীবন ও দাম্পত্য গড়ব ইসলামী সোনার ছাঁচে। কোন দেশাচার, লোকাচার বা স্ত্রী-আচারের তুফানে আমরা বিচলিত হব না। আমরা চাই ইহকালে অনাবিল শান্তি ও পরকালে অনন্ত সুখ।

হে আল্লাহ! তুমি আমাদেরকে সেই তওফীক ও প্রেরণা দান কর, যাতে আমরা তোমার ও তোমার রসূলের আনুগত্যপূর্ণ জীবন ও সুখী দাম্পত্য গড়তে পারি। আর দাম্পত্যের ঐ বিশাল আমানতে যেন খেয়ানত না করে বসি। আমীন।

আব্দুল হামীদ আল-মাদানী



আল-মাজমাআহ, সউদী আরব ২৬/২/৯৭

• Source — https://www.hadithbd.com/books/link/?id=3687

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন